



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ।

ফোন : ২২৩৩৮৪৫৩৯; ই-মেইল : dgmengineering@krishibank.org.bd

প্রকা/ইইডি-৪(১)অংশ-১/২০২৩-২০২৪/১১০০ .

তারিখঃ ১২/০৫/২০২৪ খ্রিঃ

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
শাখা ব্যবস্থাপক, সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এবং এর সংশোধনীর আওতায় বিভিন্ন পদ্ধতিতে পণ্য/কার্য/সেবা ক্রয়ের ক্ষেত্রে দাপ্তরিক প্রাক্কলিত ব্যয়(official cost estimate) প্রস্তুতের নিমিত্ত কমিটি গঠন প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ ব্যাংকের বিভিন্ন শাখা/কার্যালয়/বিভাগ/সচিবালয়/দপ্তরের প্রয়োজনে নানা ধরনের পণ্য(Goods), কার্য(Works), ও সেবা(Service) ক্রয় করে আসছে। পিপিআর-২০০৮ এর বিধি ১৬, উপবিধি ৫(ক) তে দাপ্তরিক প্রাক্কলিত ব্যয়(official cost estimate) প্রস্তুতের লক্ষ্যে ক্রয়কারী কর্তৃক নিজ এবং অন্য ক্রয়কারীর প্রতিনিধিসহ ০৩(তিন) জন সদস্য সমন্বয়ে কমিটি গঠন করার বিষয়ে উল্লেখ রয়েছে। এর প্রেক্ষিতে, অত্র বিভাগের ক্রয়কারীর ধরন বিবেচনায় বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল বিভাগীয় কার্যালয়ে অত্র ব্যাংকের বিভিন্ন শাখা/কার্যালয়ের প্রয়োজনে নানা ধরনের পণ্য, কার্য ও সেবা ক্রয়ের নিমিত্ত দাপ্তরিক প্রাক্কলিত ব্যয়(official cost estimate) প্রস্তুতের লক্ষ্যে ব্যাংক কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নোক্তভাবে ০৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হলো:-

যে কোন পরিমান টাকার পণ্য/কার্য/সেবা ক্রয়ের ক্ষেত্রে

ক্র. নং	সদস্যের পদবী	কর্মস্থল	কমিটিতে পদবী
০১	মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক	সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক কার্যালয়	সভাপতি
০২	ব্যবস্থাপক	সংশ্লিষ্ট শাখা	সদস্য
০৩	প্রকৌশলী	সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়	সদস্য সচিব

০৩। উল্লেখ্য, কমিটির সদস্যগণের নাম, পদবী অনুযায়ী সংশ্লিষ্ট কার্যালয়ের প্রধান কর্তৃক নির্ধারিত হবে। কমিটির কোন সদস্যের বদলী, পদোন্নতি, দীর্ঘ মেয়াদে ছুটি কিংবা অন্য কোন কারণে অনুপস্থিতি ঘটলে একই বিভাগের স্থলাভিষিক্ত সমমানের/মনোনীত কর্মকর্তা স্বয়ংক্রিয়ভাবে কমিটির সদস্য বলে বিবেচিত হবেন।

০৪। কমিটির কার্যপরিধি (Terms of Reference) :

ক) কমিটি দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (official cost estimate) প্রস্তুতকালে পরিবহন ব্যয়, ওভারহেড, মুনাফা, ঝুঁকি, ভৌগোলিক অবস্থান, জটিলতা (complexity), অনগ্রসরতা, জেলা সদর বা ক্রয় কার্যস্থল হতে দূরত্ব, প্রযোজ্য ক্ষেত্রে মূল্য সংযোজন কর (VAT) এবং অগ্রিম আয়করসহ (AIT) আনুষঙ্গিক অন্যান্য প্রযোজ্য বিষয়সমূহ আবশ্যিকভাবে বিবেচনা করবে।

খ) কমিটি কর্তৃক প্রস্তুতকৃত দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় প্রতিবেদন সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক মহোদয়ের নিকট জমা দিবেন।


অপর পাতা

Handwritten signature

০৫। এমতাবস্থায়, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এবং এর সংশোধনীর আওতায় এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ক্রয়কার্যের ধরন বিবেচনায় বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল বিভাগীয় কার্যালয়ে অত্র ব্যাংকের বিভিন্ন শাখা/কার্যালয়ের প্রয়োজনে বিভিন্ন পদ্ধতিতে পণ্য/কার্য/সেবা ক্রয়ের ক্ষেত্রে উপরোক্ত কমিটির মাধ্যমে দাপ্তরিক প্রাক্কলিত ব্যয়(official cost estimate) প্রস্তুতের জন্য অনুরোধ করা হলো।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

 ১২.০৫.২৪

(মো: আনোয়ারুল আজিম খান)

উপমহাব্যবস্থাপক

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-২ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (ঋণ আদায় মহাবিভাগ) মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৫। নথি/মহানথি।